উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

২০২০ মাসে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সিং (জুম অ্যাপস) মাধ্যমে লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ১৪ম সভার) সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ২৮/০৭/২০২০ খ্রি. |
| সময় | : বেলা ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম, কুমিল্লা। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি জুম অ্যাপস সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে ২৮ জুলাই ২০২০ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ১৪ম সভার ) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন । উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০১৯-২০২০ অর্থ বছরের জুন ২০২০ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br><br>জুন ২০২০ আয় অংশ :<br><br>(ক) অবশিষ্ট স্থিতি = ১,২০,৫২,৩৭২/-<br>(খ) অফিস ভাড়া বাবদ = ৬,৬০০/-<br>(গ) উপজেলা পরিষদের বাসাবাড়ি বাবদ = ৮,৭৬,৮০০/-<br>মোট আয়= ১,২৯,৩৫,৭৭২/-<br>জুন ২০২০ ব্যয় অংশ :<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা =৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন =২৪,৮০০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ =৩০,০০০/- | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | (ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ =৫,০০০/-<br>(ঙ) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমনভাতা =৩৭,৩৭৫/-<br>(চ) মুজিববর্ষ উপলক্ষে পোস্টার, লিফলেট বিতরণ বাবদ = ৩০,০০০/-<br>(ছ) করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট তৈরী ও বিতরণ বাবদ = ৫,০০০/-<br>(জ) গ্যারেজ সম্প্রসারণ ও ডাস্টবিন নির্মাণ ব্যয় বাবদ =২,৯৯,৭০০/-<br>(চ) ঈদ-উল ফিতর উপলক্ষে উপজেলা নিরাপত্তায় নিয়োজিত আনসার ও ভিডিপি সদস্যদের ভাতাদির বিল বাবদ =১২,৬০০/-<br>মোট ব্যয় =৫,৩৮,৪৭৫/-<br>অবশিষ্ট স্থিতি = ১,২৩,৯৭,২৯৭/-<br>(এক কোটি তেইশ লক্ষ সাতানব্বই হাজার দুইশত সাতান্নব্বই ) টাকা। | | |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় জুলাই ২০২০ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | কৃষি বিভাগঃ- উপজেলা কৃষি অফিসার, লাকসাম বলেন যে, বর্ষাকাল গাছ লাগানোর উপর্যুক্ত সময়। এজন্য সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যদেরকে ফলদ, বনজ ও ভেষজ বৃক্ষ রোপনের আহবান জানান। তিনি আরও বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিব বর্ষ) ২০২০ উপলক্ষে ১০০টি গাছের চারা রোপন কার্যক্রম উপজেলা কৃষি অফিস, লাকসাম হতে গ্রহণ করা যাবে। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে সবাই যেন বেশী সংখ্যক ফলের চারা রোপন করে সে বিষয়ে সকলকে আহবান জানানো এবং ১০০টি গাছের চারা রোপন কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি অফিসার, লাকসামকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৭.২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লাকসাম বলেন করোনা ভাইরাস মহামারি শুরু হওয়ার পর থেকে আজ পর্যন্ত লাকসাম উপজেলায় ১৫২৬ জনের নমুনা সংগ্রহ করা হয়েছে। এখন পর্যন্ত আক্রান্ত হয়েছে ৩৪৪ জন। মোট সুস্থ হয়েছে ২৪৭ জন । দুর্ভাগ্যজনকভাবে মৃত্যুবরণ করেছে ৯ জন। তিনি বলেন বর্তমানে করোনা ভাইরাস আক্রান্ত রোগীদের মধ্যে বেশীর ভাগ রোগী সুস্থ আছেন। করোনা ভাইরাস মহামারি প্রতিরোধে এখন পর্যন্ত সারা বাংলাদেশসহ লাকসামে এলজিআরডি মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম মহোদয়ের নেতৃত্বে আমরা সবাই কাজ করে যাচ্ছি। তিনি অন্যান্য উপজেলার তুলনায় লাকসাম উপজেলায় করোনা ভাইরাস পরিস্থিতি অনেক ভাল বলে জানান। এ মুহূর্তে করোনা ভাইরাসে আক্রান্ত খারাপ রোগী নাই বললেই চলে। তিনি উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র, লাকসাম পৌরসভা, লাকসাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগে কর্মরত সকল কর্মচারী ও সকল ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবেলায় সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা ভাইরাস মোকাবেলায় আন্তরিকতার সাথে কাজ করা এবং অন্যান্য রোগীরা যেন কোন প্রকার কষ্ট বা সেবা বঞ্চিত না হয় সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লাকসামকে বলা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৭.৩ | উপজেলা প্রকৌশলী, লাকসাম জানান উপজেলার সকল ইউনিয়ন হতে ভিক্ষুক পুনর্বাসনের জন্য ২ (দুই) জন করে তালিকা চাওয়া হয়েছিল। এদের একজন রিকশা চালানো এবং একজন ভ্যান চালানো জানতে হবে। সে প্রেক্ষিতে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যাগণ তালিকা প্রদান করেছেন। তিনি উপজেলার মোহাম্মদপুর গাজীরপাড় ইছাপুরা রাস্তা ভেঙেছে বিধায় ব্যাটস ফিলিং এর মাধ্যমে কাজ করার জন্য মাটি লাগবে বলে জানান। তিনি বলেন লাকসাম থেকে মুক্তিখোলা রোডটি সার্ভে করা হয়েছে। উক্ত দুটি রাস্তার জন্য প্রজেক্ট দেয়া হয়েছে। তিনি বলেন নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা মহোদয়ের সাথে এ বিষয়ে আলাপ হয়েছে। তিনি বলেন লাকসাম থেকে নাউটি রাস্তাটি ইতোমধ্যে টেন্ডারে চলে গেছে। এ বছর বৃষ্টিতে রাস্তার ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়েছে সে জন্য উপজেলার সকল ইউপি চেয়ারম্যানগণ এসব রাস্তা ব্যাটস ফিলিং এর মাধ্যমে উন্নয়ন কাজে অর্থ প্রদানের জন্য অনুরোধ জানিয়েছেন। তিনি এখন পর্যন্ত মন্ত্রণালয় থেকে বরাদ্দের জন্য ১ম কিস্তির চিঠি পাননি বলে জানান। তিনি বলেন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিলে স্থানান্তর হয়নি। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম মহোদয়ের সাথে আলাপ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানান। তিনি মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মাণের বিষয়ে সয়েল টেস্ট সার্ভে পাঠানো হয়েছে। তিনি আরও বলেন মাননীয় এলজিআরডি মন্ত্রী মহোদয়ের নির্দেশনায় কান্দিরপাড় ইউনিয়ন পরিষদ ভবনের মডেল অনুযায়ী না হয়ে থার্ড ফেইজ অনুযায়ী নতুন মডেলে মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদ ভবনটি নির্মিত হবে। উক্ত ভবনটির কাজ প্রক্রিয়াধীন রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার বিভিন্ন ইউনিয়নের ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো ব্যাটিস ফিলিং এর মাধ্যমে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৭.৪ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ : উপজেলা প্রাণী সম্পদ অফিসার, লাকসাম বলেন ভেটেরেনারী মেডিক্যাল টীম হাটে গিয়ে যাতে বসার জায়গা পায় তার ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। তিনি পবিত্র ঈদ-উল-আযহা ২০২০ উপলক্ষে বর্তমান করোনা পরিস্থিতির কারণে গরুর বাজারে গরু না কিনে অনলাইনে গরু কেনার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বলেন হাটবাজারে কোরবানীর গরু যথেষ্ট পরিমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে পবিত্র ঈদ-উল-আযহা ২০২০ উপলক্ষে সকল পশুর হাটে ভেটেরিনারী মেডিকেল টিম বসার ব্যবস্থা ও অনলাইনে গরু কেনার বিষয়টি ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৫ | উপজেলা শিক্ষা অফিস : উপজেলা শিক্ষা অফিসার, লাকসাম জানান উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের সাথে ভিডিও কনফারেন্সিং (জুম অ্যাপস) এর মাধ্যমে সভা করা হচ্ছে। তিনি বলেন স্বাস্থ্যবিধি মেনে অফিস কার্যক্রম অব্যাহত আছে। শিক্ষার্থীদের লেখাপড়ার ব্যাপারে শিক্ষকগণ অভিভাবকদের সাথে যোগাযোগ করছেন। তিনি বলেন সহকারি উপজেলা শিক্ষা অফিসারগণ জুম মিটিংসহ শিক্ষকগণের কার্যক্রম মনিটরিং করছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা ভাইরাস মহামারির কারণে ভিডিও কনফারেন্সিং (জুম অ্যাপস) এর মাধ্যমে অফিস কার্যক্রম অব্যাহত রাখা এবং সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, লাকসামকে বলা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৭.৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম বলেন করোনা ভাইরাস মহামারির কারণে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান সাধারণ ছুটি চলছে। এ ছুটি ৩০ আগস্ট ২০২০ পর্যন্ত বর্ধিতকরণ করা হয়েছে। লাকসাম উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা সংসদ টিভিতে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করছে। তবে অংশগ্রহণকারী শিক্ষার্থীর হার খুবই কম। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব উদ্যোগে অনলাইন শ্রেণি কার্যক্রম শুরু করেছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইন ক্লাসের রুটিন সংগ্রহ করা হয়েছে। তিনি আরও জানান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কার্যক্রমে উপজেলা কোর্ট বিল্ডিং এর ০৩(তিন) টি কক্ষ চলমান রয়েছে। বর্তমানে ভবনের ছাদ হতে বৃষ্টির পানি পড়ায় নথিপত্র সংরক্ষণ এবং কার্যক্রম পরিচালনা কষ্টসাধ্য হয়ে পড়েছে এবং ভবনটিতে ওয়াশরুম নেই। এছাড়া উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন নির্মাণ কাজ শ্রীঘ্রই শুরু হবে বিধায় কোর্ট বিল্ডিং ভবনটি ভেঙ্গে ফেলা হবে। তাই নতুন ভবন না হওয়া পর্যন্ত সাময়িক সময়ের জন্য অত্রাফিসের কার্যক্রম চালিয়ের যাওয়ার লক্ষ্যে উপজেলা শিক্ষা অফিসের নিচ তলায় ২টি কক্ষ ব্যবহারের জন্য সভার মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাধারণ ছুটিকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সংসদ টিভির মাধ্যমে পাঠদান অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের কার্যক্রম যথাযথ মনিটরিং এর জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসামকে বলা হয়।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসের নিচতলার ০২(দুই)টি কক্ষে উভয় দপ্তরের প্রধানগণ সমন্বয় পূর্বক সাময়িক সময়ের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৭.৭ | সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লা বলেন ২০১৯-২০২০ অর্থ বছরে লাকসাম উপজেলার জন্য অতিরিক্ত ভাতা, বিশেষ ভাতাসহ অন্যান্য যে সব ভাতা এসেছে সে বিষয়ে ইউপি চেয়ারম্যানদের কাছ থেকে তালিকা পেয়েছেন বলে জানান। তিনি জানান মে ও জুন ২০২০ মাসে প্রতিবন্ধী ভাতার বিশেষ বরাদ্দ এসেছে। এই ভাতা প্রতিজন মেয়ে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা করে পাবে। তিনি আরো জানান আগস্ট ২০২০ মাস হতে উপজেলার সকল ভাতাভোগীদের টাকা ব্যাংকে না গিয়ে মোবাইল ব্যাংকিং অথবা এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ভাতাভোগীর মোবাইল নাম্বারে চলে যাবে। ভাতাভোগীরা তাদের ইচ্ছামত তাদের টাকা উত্তোলন করতে পারবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিশেষ বরাদ্দ হিসেবে বয়স্ক ভাতা ও বিধবা ভাতাসহ অন্যান্য কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, লাকসামকে বলা হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা লাকসাম, কুমিল্লা।<br>২। চেয়ারম্যান, (সকল) ইউপি, লাকসাম,কুমিল্লা। |
| ৭.৮ | উপজেলা সমবায় বিভাগ : উপজেলা সমবায় অফিসার, লাকসাম বলেন সমবায় বিভাগের অধীনে ২৫৪ টি সমবায় সমিতি রয়েছে। তিনি বলেন ২০১৮-২০১৯ অর্থ বছরের সমবায় সমিতির অডিট ও সিডিএ ধার্য্য করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০১৮-২০১৯ অর্থ বছরের সমবায় সমিতির অডিট ও সিডিএ কার্যক্রম সঠিকভাবে করার জন্য উপজেলা সমবায় অফিসার, লাকসামকে বলা হয়। | উপজেলা সমবায় অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৯ | উপজেলা খাদ্য বিভাগ : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম বলেন যে, কৃষকরা গুদামে নিয়ে আসা, শ্রমিক খরচ, ধান রোদে না দিতে পারা সব মিলিয়ে সরকারী খাদ্য গুদামে চাউল বিক্রি করতে আগ্রহী নয় এজন্য তারা বাইরে চাউল বিক্রি করছে এবং ভাল দাম পাচ্ছে। উপজেলায় আতপ ও সিদ্ধ চাউল সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল ৮,৫০০ মেঃ টন। সরকারীভাবে নির্ধারিত সিদ্ধ চাউলের রেইট ছিল কেজি প্রতি ৩৬ টাকা এবং আতপ চাউলের রেইট ছিল কেজি প্রতি ৩৫ টাকা। মিলাররা সবাই চুক্তিবদ্ধ হয়েছেন চাউল দেয়ার জন্য কিন্তু সেভাবে চাউল দিতে পারছে না। এ পর্যন্ত ২৬০০ মেঃ টন সিদ্ধ চাউল এবং ৬০০ মেঃ টন আতপ চাউল সরকারী খাদ্যগুদামে সংগৃহীত হয়েছে। মিলারদের সাথে মিটিং অব্যাহত আছে। তাদেরকে দু'বার চিঠি দেয়া হয়েছে। প্রতিদিন যোগাযোগ করা হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী খাদ্য গুদামে চাউল সংগ্রহ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসামকে বলা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৭.১০ | (ক) ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম ও ২য় পর্যায়ে উন্নয়ন খাতে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দ প্রাপ্ত ১১৪.০১৬৮ মে:টন গম/চাউলের বিপরীতে গৃহীত ১৬টি এবং সোলার খাতে ৩৪,৭৭,৫৩৭/-টাকার বিপরীতে গৃহীত ১৬টি প্রকল্পের ১০০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | প্রকল্প সমূহের কাজের চুড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | (খ) ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ)-১ম ও ২য় পর্যায় কর্মসূচির আওতায় উন্নয়ন খাতে উপজেলাওয়ারী বরাদ্দ প্রাপ্ত ৩০,৩৯৭৯,৭৯৬/ টাকার বিপরীতে গৃহীত ৫৬ টি এবং সোলার খাতে ২৬,৫৪,৩৯৯/-টাকার বিপরীতে গৃহীত ৪৯ টি প্রকল্পের ১০০%কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে । | প্রকল্প সমূহের কাজের চুড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | (গ) ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-নির্বাচনীএলাকা ভিত্তিক) কর্মসূচির আওতায় ১ম ও ২য় পর্যায়ে উন্নয়ন খাতে বরাদ্দ প্রাপ্ত ১৬০.৫৫৫ মে:টন গম/চাউলের বিপরীতে গৃহীত ১৬টি এবং সোলার খাতে ৪৪,১২,৮০০/-টাকার বিপরীতে গৃহীত ১৬ টি প্রকল্পের ১০০%কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | প্রকল্প সমূহের কাজের চুড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | (ঘ) ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর-নির্বাচনীএলাকা ভিত্তিক)-১ম ও ২য়-পর্যায় কর্মসূচির আওতায় উন্নয়ন খাতে বরাদ্দ প্রাপ্ত ৪৯,৫৭,৬৬৬/- টাকার বিপরীতে গৃহীত ৪৭টি এবং সোলার খাতে ৪২,৭২,৮৮৮/-টাকার বিপরীতে গৃহীত ৭৩ টি প্রকল্পের ১০০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সোলার স্থাপনকারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায় কর্মকর্তা, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | (ঙ) ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর-সাধারণ)-১ম ও ২য় পর্যায়ে কর্মসূচির আওতায় লাকসাম পৌরসভায় উন্নয়ন খাতে বরাদ্দ প্রাপ্ত ৯,৬৯,৮৯৪/- টাকার বিপরীতে গৃহীত ২২টি প্রকল্পের এবং সোলার খাতে ৮,৩৫,৯২৬/-টাকার বিপরীতে গৃহীত ০৭ টি প্রকল্পের ৯০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | প্রকল্প সমূহের কাজের চুড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। পৌরসভার মেয়র। |

| | | | |
|---|---|---|---|
| | (ছ) ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ কর্মসূচির আওতায় ২,১৯,৬৮,০০০/-টাকার বিপরীতে গৃহীত ০৫টি প্রকল্পের ১০০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | প্রকল্প সমূহের কাজের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| | (জ) ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৬টি ব্রীজ নির্মাণ প্রকল্পের কাজের জন্য ২,৭৮,৬০,২৩০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। গৃহীত প্রকল্প সমূহের মধ্যে ১২টি প্রকল্পের ১০০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ০৪টি প্রকল্পের কাজ গড়ে ৫০% সম্পন্ন করা হয়েছে। | ১২টি প্রকল্পের ১০০% সম্পন্ন কাজের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত এবং অবশিষ্ট ০৪টি ব্রীজ নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়। | ১।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| | (ঝ) ২০১৯-২০২০ অর্থ বছরে গ্রাঅর(টিআর) বিশেষ কর্মসূচীর আওতায় ৭১,৯৬,৬৪০/-টাকার বিপরীতে গৃহীত ২৪ টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ প্রকল্পের কাজের ১০০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | প্রকল্প সমূহের কাজের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায় কর্মকর্তা, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | (ঞ) করোনা ভাইরাস প্রতিরোধে কর্মহীন হয়েপড়া পরিবারের মাঝে বিতরনের জন্য জেলাপ্রশাসক মহোদয়ের কার্যালয় হতে বরাদ্দ প্রাপ্ত ১৬০.০০ মে:টন জিআর চাল ও ৭,১০,০০০/-টাকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। | বরাদ্দকৃত জিআর চাল বিতরণের মাস্টার রোল ও নগদ টাকা খরচের হিসাব বিবরণীসহ ভাউচার জরুরী ভিত্তিতে এ-কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা ঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | মুদাফরগঞ্জ (দ:) ইউপি সংক্রান্ত আলোচনা : চেয়ারম্যান, মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদ, লাকসাম বলেন করোনা ভাইরাস সংক্রমনের আগে তার এলাকার মাওলানা বাজারে ড্রেনের নির্মাণ ও মাওলানা বাজারের একটি ঘরের আংশিক কাজের জন্য দুটি উন্নয়নের প্রকল্পের কাজ এবং অত্র এলাকার যে সমস্ত রাস্তায় কিছু কিছু জায়গা ভেঙে গেছে জনগণের পথ চলতে কষ্ট হয় সেখানে ব্যাটস ফিলিং এর মাধ্যমে জনদুর্ভোগ কমানোর সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান তিনি এছাড়া বলেন মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন ভবনটি নতুন নির্মাধীন। নতুন জায়গা কেনা হয়েছে ও ভরাট করাট করা হয়েছে। তিনি এ বিষয়ে জন্য উপজেলা প্রকৌশলী, লাকসাম এর দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত দুটি প্রকল্প অনুমোদন এবং তা বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লাকে বলা হয়। | ১। উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লা।<br><br>২।চেয়ারম্যান, মুদাফরগঞ্জ (দঃ) ইউপি, লাকসাম, কুমিল্লা। |
| ৮.২ | আজগরা ইউপি সংক্রান্ত আলোচনা : চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন পরিষদ, লাকসাম সকলকে পবিত্র ঈদ-উল-আযহা ২০২০ এর শুভেচ্ছা জানান এবং লাকসাম উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি জনাব এনায়েত উল্লাহ এফ.সি.এ মৃত্যুবরণ করায় শোক প্রস্তাব করেন। তিনি সমাজসেবা বিভাগ হতে বিভিন্ন ভাতা জনগণকে দেয়া হয় সে প্রসঙ্গে বলেন ভাতাভোগীদের টাকা অনলাইনে একাউন্টের মাধ্যমে মোবাইলে টাকা দেয়া হলে এক্ষেত্রে সমস্যা সৃষ্টি হতে পারে বলে জানান। তিনি বলেন অনলাইনে ভাতা প্রদান কার্যক্রম শুরু হলে ভাতাভোগীদের কেউ মৃত্যুবরণ করলে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে না জানিয়ে প্রতি মাসে মোবাইলে টাকা উঠানোর সুযোগ নেবে। তিনি এ বিষয়ে দিক নির্দেশনা প্রদানের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম এর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন নির্দেশনা মেনে প্রত্যেক ইউনিয়নে গরু বাজারগুলোতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তিনি বলেন বর্ষাকালে কাঁচা রাস্তা দিয়ে মানুষ যাতায়াত করলে রাস্তাগুলো কর্দমাক্ত হয়ে যায়। তিনি ব্যাটস ফিলিং এর মাধ্যমে উক্ত রাস্তাগুলো বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত রাস্তাগুলোর জন্য প্রকল্প অনুমোদন এবং তা বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লাকে বলা হয়। | ১। চেয়ারম্যান, আজগরা ইউপি, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৮.৩ | গোবিন্দপুর ইউপি সংক্রান্ত আলোচনা ঃ চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ, লাকসাম বলেন অত্র ইউনিয়নে বর্ষাকালে রাস্তাঘাটগুলো ক্ষতিগ্রস্ত হওয়ায় উক্ত রাস্তাগুলো মেরামত করা জরুরী। তিনি বলেন পশু কোরবানীর পর পশুর বর্জ্য ঠিকভাবে নিষ্কাষণ এবং গরু বাজারগুলোতে নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন ২০১৯-২০২০ অর্থ বছরের এল.জি.এস.পি প্রকল্পের অডিট সন্নিকটে। তিনি বলেন জেলা থেকে ডি.এফ মহোদয় বরাদ্দকৃত এল.জি.এস.পি কাজ সম্পন্ন করা বিল জমা প্রদানের জন্য তাগাদা দিচ্ছেন বলে জানান। তিনি বরাদ্দকৃত এল.জি.এস.পি প্রকল্পের প্রাক্কলন এখনও পাওয়া যায়নি বলে জানান। তিনি এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, লাকসাম এর দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০১৯-২০২০ অর্থ বছরের এল.জি.এস.পি প্রকল্পের প্রাক্কলন প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী, লাকসামকে বলা হয়। | ১। চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি, লাকসাম, কুমিল্লা। |
| ৮.৪ | উত্তরদা ইউপি সংক্রান্ত আলোচনা ঃ চেয়ারম্যান, উত্তরদা ইউনিয়ন পরিষদ, লাকসাম করোনা ভাইস প্রতিরোধের জন্য উপজেলা হতে যে পরিমান মাস্ক দেয়া হয়েছে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। তিনি বলেন বর্ষার পানিতে এলাকার রাস্তাগুলো কাঁদা হয়ে গেছে একেবারে দুরাবস্থা। তিনি বলেন এই রাস্তাগুলো ব্যাটস ফিলিং এর মাধ্যমে কাজ করা হলে লোকজন উপকৃত হতো। তিনি তার এলাকার নাওটি রাস্তাটি উন্নয়ন কাজের জন্য উপজেলা প্রকৌশলী, লাকসাম এর দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত রাস্তাগুলোর জন্য প্রকল্প অনুমোদন এবং তা বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লাকে বলা হয়। | ১।চেয়ারম্যান,উত্তরদা ইউপি, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| | | | |
|---|---|---|---|
| ৯.১ | উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম জানান বর্তমান করোনা পরিস্থিতির কারণে পবিত্র ঈদ-উল-আযহা ২০২০ উপলক্ষে কুমিল্লা জেলাপ্রশাসন কর্তৃক অনলাইন পশুর হাট নামক এ্যাপস তৈরী করা হয়েছে। সকল উদ্যোক্তার মাধ্যমে উক্ত অনলাইন পশুর হাটে ঈদ-উল-আযহা উপলক্ষে ডাটা এন্ট্রি, বিক্রয়যোগ্য সকল পশুর ট্যাগিং নাম্বারসহ যাবতীয় কার্যক্রম অনলাইনে অন্তভূক্ত করার জন্য জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া উক্ত কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য উপজেলা প্রাণী সম্পদ অফিসার, লাকসাম ও সংশ্লিষ্ট এল.এস.পিদেরকে অনুরোধ করা হয়। তিনি আরো জানান জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর ১৩ জুলাই ২০২০ খ্রি. তারিখের ০৫.৪২.১৯০০.০০৮.৪১.০১৩.২০ নং স্মারকে অনলাইনে পশুর হাট | সভায় বিস্তারিত আলোচনান্তে অনলাইনে পশুর হাট আয়োজনের বিষয়টি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদেরকে ডাটা এন্ট্রিসহ প্রতি পশু অন্তর্ভূক্তির জন্য ২৫/- টাকা এবং উপজেলা প্রাণী সম্পদ অফিসের এল.এস.পিদের ১৫/- টাকা হারে উপজেলা পরিষদের হাটবাজারের আয় | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | আয়োজনের বিষয়টি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদেরকে ডাটা এন্ট্রিসহ যাবতীয় কার্যক্রমের জন্য উপজেলা পরিষদের হাটবাজার খাতে প্রাপ্ত অর্থ হতে তাদেরকে সম্মানীভাতা প্রদানের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | হতে সম্মানীভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৯.২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম বলেন নিজেরা জীবনের ঝুঁকি নিয়ে দিনরাত অক্লান্ত প্ররিশ্রম করে মহামারী করোনা ভাইরাস এর বিরুদ্ধে যারা কাজ করছেন তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন প্রতিবন্ধি ভাতা, বয়স্ক ভাতা, বিধবা ভাতা দেয়া হয়। তিনি এক্ষেত্রে নারী প্রতিনিধি হিসেবে উক্ত ভাতা প্রদানে নাম দেয়া যায় কি না এ বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম এর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন সামনে ঈদের হাটবাজারগুলোতে প্রচুর লোক সমাগম হয়েছে। হাটবাজারগুলোতে ক্রেতা বিক্রেতাগণ মুখে মাস্ক পরিধান করে সে বিষয়টির দিকে দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি বলেন মোটর সাইকেল চুরির যে প্রবনতা বৃদ্ধি পেয়েছিল অফিসার ইন চার্জ, লাকসাম থানা এর আন্তরিক প্রচেষ্টায় মোটর সাইকেল চুরির চক্রটি ধরা পড়েছে। সেজন্য তিনি অফিসার ইন চার্জ লাকসাম, থানাকে ধন্যবাদ জানান। তিনি সামনে ঈদের ছুটিতে অনেকে গ্রামের বাড়িতে ঈদ উদযাপন করতে যাবেন সে সময়ে চুরি, ছিনতাই প্রবনতা থাকে সেটাকে রোধ করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে পবিত্র ঈদ-উল-আযহা ২০২০ উপলক্ষে ঈদের ছুটিতে চুরি, ছিনতাই প্রবনতা রোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। মেয়র, লাকসাম পৌরসভা, কুমিল্লা।<br>৩। অফিসার ইন চার্জ, লাকসাম থানা, কুমিল্লা।<br>৪। চেয়ারম্যান, …………ইউপি(সকল), লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৯.৩ | মেয়র, লাকসাম পৌরসভা লাকসাম বলেন পৌরসভার জবাইখানা, ফায়ার সার্ভিস হয়ে গুন্তি পর্যন্ত লাকসাম টু যুক্তিখোলা রোডটির অবস্থা খুবই করুন। এই রাস্তাটি যানবাহন চলাচলের একেবারে অনুপযোগী । সেখানে পবিত্র ঈদ-উল আযহা ২০২০ উপলক্ষে জরুরী ভিত্তিতে কিছু ব্যাটস ফিলিং দেয়ার জন্য এবং রাজঘাট থেকে মুদাফরগঞ্জ সড়ক যা আউশপাড়া ইরুবাইন পর্যন্ত যেখানে একটি অংশে জলাবদ্ধতা তৈরী হওয়ায় রাস্তাটি খারাপ হওয়ায় একটু ব্যাটস ফিলিং দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, লাকসাম এর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম এর রাজঘাট রাস্তার বিকল্প রাস্তা প্রসঙ্গে বলেন পৌরসভার ধোপাবাড়ির পুকুরের কর্ণার থেকে হোসেন মিয়ার রাইসমিল পর্যন্ত রাজঘাটের রাস্তা এবং কান্দিরপাড়ের সাথে কানেক্টিং পুকুর পাড় দিয়ে রাস্তার টেন্ডার হয়ে ইতোমধ্যে ওয়ার্ক অর্ডার হয়ে গেছে। ঠিকাদার যদি কাজ শুরু করে দেয় তাহলে কম সময়ের মধ্যে ঢালাইয়ের কাজ শুরু হয়ে যাবে। তিনি বলেন গরু জবাইয়ের পর বর্জ্যসমূহ আমাদের পরিবেশ ক্ষতি করবে। এর ফলে পানি দূষণ, বায়ু দূষণ হবে। তিনি বলেন পবিত্র ঈদ-উল আযহা ২০২০ উপলক্ষে যারা নিজস্ব জায়গায় পশু কোরবানী করবেন তারা বাড়ীর আঙ্গিনায় কিংবা সুবিধাজনক জায়গায় করার জন্য অনুরোধ জানান । লাকসাম পৌরসভার পক্ষ থেকে ৯টি ওয়ার্ডে পরিচ্ছন্নতাকর্মীরা স্যানিটারী ইন্সপেক্টরের নেতৃত্বে পশু কোরবানীর বর্জ্য অপসারনের কাজ করবে। এছাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে গরু জবাইয়ের উচ্ছিষ্টগুলো পরিবেশ বান্ধবভাবে সংরক্ষণ কিংবা বিনষ্ট করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। মাননীয় এলজিআরডি মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম মহোদয় সবাইকে পবিত্র ঈদ-উল-আযহা ২০২০ এর শুভেচ্ছা জানিয়েছেন।তিনি | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার ইউনিয়নে যে রাস্তাগুলো বৃষ্টিপাতের জন্য ক্ষতিগ্রস্থ হয়েছে সে রাস্তাগুলো ব্যাটস ফিলিং এর মাধ্যমে কাজ করার নিমিত্ত প্রকল্প প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে পবিত্র ঈদ-উল আয়হা ২০২০ উপলক্ষে যারা নিজস্ব জায়গায় পশু কোরবানী করবেন তারা বাড়ীর আঙ্গিনায় কিংবা সুবিধাজনক জায়গায় করা এবং গরু জবাইয়ের উচ্ছিষ্টগুলো পরিবেশ বান্ধবভাবে সংরক্ষণ কিংবা বিনষ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, লাকসাম পৌরসভা, কুমিল্লা।<br><br>২। উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লা।<br><br>৩।চেয়ারম্যান............ (সকল) ইউপি, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | লাকসাম উপজেলায় ইতিমধ্যে অনেক কাজ হয়েছে বাকী কাজগুলো সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে লাকসামের সার্বিক পরিস্থিতি সামনের দিকে নিয়ে যাওয়ার জন্য কাজ করার প্রত্যাশা ব্যক্ত করেন। | | |
| ৯.৪ | (ক) উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্যঃ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় ৩৬১ জন ভিক্ষুক আছে যাদের ডাটাবেইজ কম্পিউটারে সংরক্ষিত আছে। তিনি বলেন ইতিমধ্যে জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয় হতে লাকসাম উপজেলার জন্য অর্থ বরাদ্দ পাওয়ার আশ্বাস পাওয়া গেছে। তিনি বলেন প্রতি ইউনিয়নের জন্য ০২(দুই) জন করে প্রতিজনকে ভ্যান বা রিকশা দেয়া হবে। তিনি অনলাইন পশুর কার্যক্রম ত্বরান্বিত করার জন্য উদ্যোক্তা ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান। উপজেলার বিভিন্ন রাস্তাঘাট বৃষ্টির কারণে কর্দমাক্ত হয়ে গেছে রাস্তায় হাটা যায় না সেজন্য ব্যাটস ফিলিং করে এ সমস্ত রাস্তার উন্নয়ন কাজ করার জন্য বলেন । উপজেলার হাটবাজার উন্নয়ন খাতে যে টাকা রয়েছে উপজেলার প্রত্যেক ইউনিয়নের বাজারগুলোর যে যে জায়গায় কাজ হয়েছে সেগুলো যাচাই বাছাই করে প্রকল্প দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, লাকসামকে অনুরোধ করা হয়। যে ব্যক্তি পশু কোরবানী দিবে সে যেন নিজ উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করেন এই বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের প্রতি প্রচার প্রচারণা চালানোর অনুরোধ জানান। তিনি পবিত্র ঈদ উল আযহা ২০২০ উপলক্ষে যারা পশু কোরবানী দিবেন তাদেরকে যেখানে কোরবানীর পশু জবাই করলে পরিবেশ দূষণ হবে না সেখানে পশু জবাই করার জন্য বলেন। তিনি কোরবানীর পশুর বর্জ্যগুলো সংগ্রহ করে একটা নির্দিষ্ট জায়গায় ডাম্পিং করার নির্দেশনা রয়েছে বলে জানান। তিনি গতবার যে পদ্ধতিতে কোরবানীর পশুর বর্জ্য অপসারণ করা হয়েছিল সে পদ্ধতি অনুসরণ করে এই ধারা অব্যাহত রাখার জন্য মেয়র, লাকসাম পৌরসভা ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি পাশাপাশি পশু জবাইয়ের স্থানগুলোতে ব্লিচিং পাউডার দিয়ে পরিষ্কার করে দিলে পরিবেশ দূষণ কমে যাবে বলে জানান। তিনি বলেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ | (ক) ১। সভায় বিস্তারিত আলোচনান্তে হাটবাজার উন্নয়ন খাতের অর্থ দ্বারা ইউনিয়নের বাজারগুলোতে যে যে জায়গায় কাজ করার পর অসমাপ্ত রয়েছে তা যাচাই বাছাই পূর্বক প্রকল্প প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী, লাকসামকে বলা হয়।<br><br>২। যে ব্যক্তি পশু কোরবানী দিবে সে যেন নিজ উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্যোগ করেন এই বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের প্রতি প্রচার প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। যেখানে কোরবানীর পশু জবাই করলে পরিবেশ দূষণ হবে না সেখানে পশু জবাই করা এবং পাশাপাশি পশু জবাইয়ের স্থানগুলোতে ব্লিচিং পাউডার দিয়ে পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লা।<br>৩। চেয়ারম্যান, .........ইউপি (সকল), লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে সরকারী নির্দেশনা আসলে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র, লাকসাম পৌরসভা, ভাইস চেয়ারম্যান ও সকল ইউপি চেয়ারম্যানগণসহ সরকারী কর্মকর্তাদের সাথে আলাপ করে যথাযথ ভাব গাম্ভীর্যের সাথে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উদ্‌যাপনের আশাবাদ ব্যক্ত করেন।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম বলেন পবিত্র ঈদ-উল-আযহা ২০২০ উদ্‌যাপনকালে ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের ক্যাম্পাস এলাকায় নিরাপত্তার স্বার্থে ০৪(চার) জন আনসার ও ভিডিপি সদস্য নিয়োজিত করা যেতে পারে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০. ০৫৪.২০১৩-২৬৪ নং স্মারক মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং অনুচ্ছেদ 'ম' উপ অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে দায়িত্বে নিয়োজিত আনসার ও ভিডিপি সদস্যদের ভাতা সংশ্লিষ্ট দপ্তর হতে বিল প্রাপ্তি সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (খ) পবিত্র ঈদ উল ফিতর ২০২০ উদ্‌যাপনকালে ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের ক্যাম্পাস এলাকায় নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ০৪(চার) আনসার ও ভিডিপি সদস্যদের দায়িত্ব পালনের নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তর হতে বিল প্রাপ্তি সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৯.৫ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতির বক্তব্য ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সকলকে পবিত্র ঈদ-উল আযহা ২০২০ এর শুভেচ্ছা জানান। তিনি বলেন পৌরসভার রাজঘাটের রাস্তাটি বহুল ব্যবহৃত। এই রাস্তাতে যানজট লেগেই থাকে। তিনি রাজঘাটের বিকল্প রাস্তা হিসেবে ধোপাবাড়ির পুকুরের কর্ণার থেকে হোসেন মিয়ার রাইসমিল পর্যন্ত রাজঘাটের রাস্তা এবং কান্দিরপাড়ের রাস্তার সাথে কানেক্টিং পুকুর পাড় দিয়ে একটি রাস্তা আছে। তিনি এ বিষয়ে মেয়র, লাকসাম পৌরসভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন সকল ইউনিয়নে অনেক রাস্তা রয়েছে যেগুলো ব্যাটস ফিলিং এর মাধ্যমে করা যায়। তিনি সার্বজনিনভাবে উপজেলার সকল ইউনিয়নে রাস্তাগুলোর জন্য ব্যাটস ফিলিং এর বরাদ্দ নির্ধারণ করে দেয়ার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। তিনি বলেন সামনে আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী। সরকারী নির্দেশনা অনুসারে জাতীয় শোক দিবস যথাযথ ভাব গাম্ভীর্যের মধ্য দিয়ে উদযাপনের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল ইউনিয়নে ক্ষতিগ্রস্ত রাস্তাগুলোর জন্য ব্যাটস ফিলিং এর বরাদ্দ নির্ধারণ করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস যথাযথ ভাব গাম্ভীর্যের মধ্য দিয়ে উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। মেয়র, লাকসাম পৌরসভা, কুমিল্লা।<br>৩। উপজেলা প্রকৌশলী, লাকসাম, কুমিল্লা।<br>৪।চেয়ারম্যান,.......... ইউপি(সকল), লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | করেন। তিনি বলেন করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবেলায় জনপ্রতিনিধিরা সর্বাত্মক সহযোগিতা করছেন। এ ধারা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। | | |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং -০৫.৪২.১৯৭২.০০২.০০.০০২.২০২০- ৬৬৪

তারিখ : ২৮/০৭/২০২০ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।

০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।

০৯। চেয়ারম্যান, .....................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।

১০। অফিস কপি।

28/7/2020

( এ,কে,এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।